

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)  
সদর কার্যালয়, বিআরটিএ ভবন  
নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।  
www.brta.gov.bd

নথি নং-৩৫.০৩.০০০০.০০৮.৪০.০১১.১৬(অংশ-৫)/২৪-৪৭৭

তারিখ: ২০-০৮-২০২৪খ্রি:

বিষয়: জুলাই, ২০২৪ মাসের সড়ক দুর্ঘটনার প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জুলাই, ২০২৪ মাসে সারাদেশে সংঘটিত সড়ক দুর্ঘটনার পরিসংখ্যান নিম্নরূপ:

বিভাগ	সড়ক দুর্ঘটনার সংখ্যা	নিহতের সংখ্যা	আহতের সংখ্যা
ঢাকা	৮৪	৮২	৫৯
চট্টগ্রাম	৭৪	৬৮	৭৪
রাজশাহী	২৬	২৭	১০
খুলনা	৫০	৪২	৬৬
বরিশাল	২১	১২	২৪
সিলেট	৩০	৩২	১৬
রংপুর	৬০	৬১	৭৩
ময়মনসিংহ	৪০	২৯	৪২
মোট =	৩৮৫	৩৫৩	৩৬৪

২। জুলাই, ২০২৪ মাসে সড়ক দুর্ঘটনায় পতিত মোটরযানের মধ্যে মোটরকার/জীপ ৫টি (০.৮৬%), বাস/মিনিবাস ৭৬টি (১৩.১০%), ট্রাক/কাভার্ডভ্যান ১২৬টি (২১.৭২%), পিকআপ ৩৪টি (৫.৮৬%), মাইক্রোবাস ১৬টি (২.৭৬%), অ্যান্ডুলেপ ৪টি (০.৬৯%), মোটরসাইকেল ১০৩টি (১৭.৭৬%), ভ্যান ২২টি (৩.৭৯%), ট্রাক্টর ৫টি (০.৮৬%), ইজিবাইক ২৬টি (৪.৪৮%), ব্যাটারিচালিত রিকশা ২০টি (৩.৪৫%), অটোরিকশা ৪৬টি (৭.৯৩%) ও অন্যান্য যান ৯৭টি (১৬.৭২%) সহ সর্বমোট ৫৮০টি। তন্মধ্যে মোটরকার/জীপ দুর্ঘটনায় ১১জন (৩.১২%), বাস/মিনিবাস দুর্ঘটনায় ৩৫জন (৯.৯২%), ট্রাক/কাভার্ডভ্যান দুর্ঘটনায় ৩৫জন (৯.৯২%), পিকআপ দুর্ঘটনায় ১৬জন (৪.৫৩%), মাইক্রোবাস দুর্ঘটনায় ৫জন (১.৪২%), অ্যান্ডুলেপ ১জন (০.২৮%) মোটরসাইকেল দুর্ঘটনায় ৯২জন (২৬.০৬%), ভ্যান দুর্ঘটনায় ১৮জন (৫.১০%), ট্রাক্টর দুর্ঘটনায় ৩জন (০.৮৫%), ইজিবাইক দুর্ঘটনায় ১৩জন (৩.৬৮%), ব্যাটারিচালিত রিকশা দুর্ঘটনায় ১৪জন (৩.৯৭%), অটোরিকশা দুর্ঘটনায় ৪১জন (১১.৬১%) ও অন্যান্য যান দুর্ঘটনায় ৬৯জন (১৯.৫৫%) সহ সর্বমোট ৩৫৩জন নিহত হয়। এ সংক্রান্ত বিস্তারিত প্রতিবেদন এতৎসঙ্গে সংযুক্ত করা হলো।

৩। এমতাবস্থায়, এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

  
২০/৮/২০২৪  
গৌতম চন্দ্র পাল  
চেয়ারম্যান  
ফোন: ৫৫০৪০৭১১

সিনিয়র সচিব  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অ: পৃ: দ্র:

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা [দৃঃআঃ এআইজি (ট্রাফিক ম্যানেজম্যান্ট)]।
৩. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫. প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর কার্যালয়, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৬. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো(বিবিএস), আগারগাঁও, ঢাকা[দৃঃআঃ পরিচালক, ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং]
৭. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর(এলজিইডি), এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৮. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(সংশ্লিষ্ট সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াকে বিষয়টি অবহিতকরণে অনুরোধসহ)।
৯. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. পরিচালক (অডিট ও আইন/এনফোর্সমেন্ট/রোড সেফটি), বিআরটিএ ভবন, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।
১১. জেলা প্রশাসক,.....(সকল)।
১২. নির্বাহী প্রকৌশলী, রোড সেফটি বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১৩. মাননীয় উপদেষ্টার তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা।
১৪. সভাপতি, জাতীয় প্রেস ক্লাব, ১৮ তোপখানা রোড, ঢাকা।
১৫. WHO Representative, World health organization Country office for Bangladesh, House No.SW(i) 1/A, Road-8, Gulsan-1, Dhaka.

**অনুলিপি (কার্যার্থে):** প্রোগ্রামার, অপারেশন শাখা, বিআরটিএ, সদর কার্যালয়, বনানী, ঢাকা (বিআরটিএ'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।